

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃংখলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-স্বাপকম/শৃংখলা-১/১-৩২/৯৯(পার্ট)- ৪৭৬

তারিখঃ

২২.০৪.১৪২৪বাং

০৬.১২.২০১৭খ্রি:

আদেশ

যেহেতু, ডাঃ আফতাব উদ্দিন আহমেদ (৩৪৮১৬), প্রাক্তন সিভিল সার্জন, বরিশালের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা, ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (ডি) বিধি মোতাবেক ০৯.০৬.৯৯ খ্রিঃ পার-৬/১-৩২/৯৯/২৫০/১(২) স্মারকে তাঁর বিরুদ্ধে 'অসদাচরণ' ও "দুনীতি" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিধিমালা অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ডাঃ আফতাব উদ্দিন আহমেদ (৩৪৮১৬), প্রাক্তন সিভিল সার্জন, বরিশালকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৭.০৯.২০০৪ তারিখের শৃংখলা-১ (পার-৬)/১-৩২/১৯৯৯(পার্ট)/৮৮২নং আদেশে সরকারি চাকরি হতে অপসারণ করা হয়;

যেহেতু, ডাঃ আফতাব উদ্দিন আহমেদ (৩৪৮১৬), প্রাক্তন সিভিল সার্জন, বরিশাল তাঁর অপসারণ আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকার আদালতে এটি-২১১/২০০৪ নং মামলা দায়ের করেন;

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকা বিজ্ঞ বিচারকের ১৩.০৫.২০১০ তারিখের আদেশের বিরুদ্ধে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকায় ১৮২/২০০৭নং আপীল মামলা দায়ের করা হলে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল তার ০৩.০৩.২০১০খ্রিঃ রায়ে খারিজ করেন;

যেহেতু, আপনি প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের রায়ে ক্ষুব্ধ হয়ে মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগে ১৪২/২০১৩ নং মামলা দাখিল করেন এবং বিজ্ঞ বিচারক ১৭.০১.২০১৭খ্রিঃ রায়ে মন্ত্রণালয়ের ০৭.০৯.২০০৪ তারিখের আদেশ বাতিল করতঃ ডাঃ আফতাব উদ্দিন আহমেদ (৩৪৮১৬), প্রাক্তন সিভিল সার্জন, বরিশালকে চাকরি হতে অপসারণ আদেশটি সংশোধনপূর্বক তাঁকে চাকরি হতে বাধ্যতামূলক অবসর আদেশ প্রদানপূর্বক তাঁর অনুকূলে সকল পেনশন সুবিধা (All Retirement Benefits) প্রদানের আদেশ প্রদান করেন;

সেহেতু, এক্ষণে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকার ৩০.০৫.২০০৭ তারিখের রায় এবং মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের ১৭.০১.২০১৭ তারিখের রায়ের পরিপ্রেক্ষিতে ডাঃ আফতাব উদ্দিন আহমেদ (৩৪৮১৬), প্রাক্তন সিভিল সার্জন, বরিশালকে তাঁর অপসারণের তারিখ ০৭.০৯.২০০৪ হতে চাকরিতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হলো এবং তিনি অবসরোত্তর সকল সুবিধাদি (All Retirement Benefits) প্রাপ্য হবেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ সিরাজুল হক খান)

সচিব

নং-স্বাপকম/শৃংখলা-১/১-৩২/৯৯(পার্ট)- ৪৭৬(১২)

তারিখঃ


২২.০৪.১৪২৪বাং

০৬.১২.২০১৭খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভ্যুক্ত কর্মকর্তার নিকট প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।
- ৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৫। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৮। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।  
১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ, বরিশাল।  
১২। ডাঃ আফতাব উদ্দিন আহমেদ (৩৪৮১৬), প্রাক্তন সিভিল সার্জন, বরিশাল

  
০৬/১২/২০১৭

(আসমা তাসকিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃংখলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৮.২০১৭- ৪৭৭

তারিখঃ ০৬.১২.২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ ব্যক্তিগত শুনানি**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, বেগম নাছিমা পারভীন, পরিচালক(ভারপ্রাপ্ত), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকার বিরুদ্ধে ব্লুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী আগামী ১২.১২.২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস (কক্ষ নং-৩৪০, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(আসমা তাসকিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)


বেগম নাছিমা পারভীন,  
পরিচালক(ভারপ্রাপ্ত),  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,  
শেরে বাংলা নগর, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৮.২০১৭- ৪৭৭(৮)

তারিখঃ ০৬.১২.২০১৭ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ**

- ১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা(নির্ধারিত তারিখে সংশ্লিষ্টদের নথিপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য এবং নোটিসটি যথাযথভাবে জারি করার জন্য অনুরোধ করা হল)।
- ২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সৈয়দ গোলাম হোসেন, উপপরিচালক (শৃংখলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(আসমা তাসকিন)  
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শৃংখলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৭.২০১৭- ৪৭৬


তারিখঃ ০৬.১২.২০১৭খ্রিঃ

আদেশ

ডাঃ নাহিদ নাজনীন নীপা (১০০২১০৪), মেডিকেল অফিসার, পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহীর কার্যালয়ে ন্যস্তকৃত-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক ন্যস্তকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(সি) বিধিমতে ডাঃ সঞ্জিত কুমার সাহা (কোড নং-৩৩৯৯৩), সিভিল সার্জন, রাজশাহীকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হল।

২। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার তারিখ, সময় ও স্থান যথানিয়মে অভিযুক্ত কর্মকর্তাসহ অন্যান্যদের অবহিত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১০ বিধি মোতাবেক প্রত্যেকটি অভিযোগের উপর মতামত, সাক্ষীদের জবানবন্দী ও জেরার লিখিত মূল কপিসহ সুস্পষ্ট মতামত সম্বলিত তদন্ত প্রতিবেদন ৩০(ত্রিশ) দিনের মধ্যে দাখিল করবেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত/প্রমাণিত নয় সম্পর্কে অবশ্যই মতামত প্রদান করতে হবে।

সংযুক্তঃ পাতা।

  
(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)


ডাঃ সঞ্জিত কুমার সাহা (কোড নং-৩৩৯৯৩),  
সিভিল সার্জন, রাজশাহী।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৭.২০১৭- ৪৭৬/২(৪)

তারিখঃ ০৬.১২.২০১৭খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাকে তদন্ত কর্মকর্তার নিকট মামলা উপস্থাপনের নিমিত্ত কনডাক্টিং অফিসার নিয়োগ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদ্যোপায়ে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। ডাঃ নাহিদ নাজনীন নীপা (১০০২১০৪), মেডিকেল অফিসার, পরিচালকের (স্বাস্থ্য) দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

  
(আসমা তাসকিন)  
উপসচিব